

💵 সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১৭৪

ভূমিকা (المقدمة)

পরিচ্ছেদঃ ২০. ফতোয়া প্রদান করা এবং এতে যে কঠোরতা রয়েছে

بَابُ الْفُتْيَا وَمَا فِيهِ مِنَ الشِّدَّةِ

আরবী

أَخْبَرَنَا هَارُونُ بْنُ مُعَاوِيَةَ، عَنْ حَفْصِ بْنِ غِيَاتٍ، حَدَّثَنَا الْأَعْمَشُ، قَالَ: قَالَ عَبْدُ اللَّهِ: «أَيُّهَا النَّاسُ إِنَّكُمْ سَتُحْدِثُونَ وَيُحْدَثُ لَكُمْ، فَإِذَا رَأَيْتُمْ مُحْدَثَةً، فَعَلَيْكُمْ بِالْأَمْرِ الْأَوَّلِ» قَالَ حَفْصٌ: كُنْتُ أُسْنِدُ عَنْ حَبِيبٍ، عَنْ أَبِي عَبْدِ الرَّحْمَنِ، ثُمَّ دَخَلَنِي مِنْهُ شَكُّ

إسناده منقطع لم يسمع الأعمش من ابن مسعود

বাংলা

১৭৪. আ'মাশ বলেন, আব্দুল্লাহ ইবনু মাসউদ রাদ্বিয়াল্লাহু আনহু বলেন: হে মানবমণ্ডলী! অচিরেই তোমরা নতুন বিষয় (মত-পথ) উদ্ভাবন করবে এবং তোমাদের জন্যও নতুন বিষয় (মত-পথ) উদ্ভাবন করা হবে। কাজেই যখনই তোমরা কোন নতুন বিষয় (মত-পথ) দেখবে, তখন তোমাদের উপর আবশ্যক হল, প্রাথমিক যুগের (রাসূল সা: ও সাহাবাগণের) নির্দেশ অনুসরণ করা।[1]

হাফস বলেন: আমি হাবীব থেকে তিনি আবু আব্দুর রহমান থেকে- এ সনদে এটি বর্ণনা করতাম। তারপর এ সনদ সম্পর্কে আমার সন্দেহ হল। (ফলে সে সনদ বাদ দিয়ে উল্লিখিত সনদে বর্ণনা করছি)।[2]

ফুটনোট

[1] তাহকীক্ব: এর সনদ বিচ্ছিন্ন (মুনকাতি')। আ'মাশ ইবনু মাসউদ হতে কিছু শোনেননি। (আছারটি সহীহ লি গয়রিহী। তাখরীজের আলোচনা দ্রম্ভব্য-অনুবাদক।)

তাখরীজ: মারওয়াযী, আস সুন্নাহ নং ৮০; ইবনু বাত্তাহ, আল ইবানাহ ১/৩২৯, ৩৩০ নং ১৮০-১৮১; সনদ সহীহ। ইবনু বাত্তাহ নং ১৮২ তে আম্মারাহ ইবনু উবাইদ থেকে তিনি ইবনু মাসউদ থেকে বর্ণনা করেছেন। এর সনদ জায়্যেদ ক্বাবী (উত্তম শক্তিশালী)। আবার নং ১৮৩ তেও আসওয়াদ্ ইবনু হিলাল থেকে তিনি আব্দুল্লাহ থেকে এটি



বর্ণনা করেছেন। এর সনদ সহীহ।

[2] তাহকীক: (এর কোন হুকুম লাগাননি)। এর রাবীগণ বিশ্বস্ত, তবে হাবীব বিন আবী ছাবিত মুদাল্লিস, তিনি 'আন 'আন পদ্ধতিতে হাদীসটি বর্ণনা করেছেন।

তাখরীজ: খতীব, আল ফাকীহ ওয়াল মুতাফাক্কিহ ১/১৮২ ইবনু আবী শাইবা সূত্রে।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন